

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৩.২৪-১৩০


তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১  
১২ মে ২০২৪

প্রজ্ঞাপন

দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর গত ২১/০৯/২০২৩ তারিখের ১৫ নং মামলা হতে উদ্ধৃত মেট্রো বিশেষ মামলা নং-০৩/২০২৪-এ ঢাকার জেলা রেজিস্ট্রার জনাব অহিদুল ইসলাম এর বিরুদ্ধে গত ৩০/০৪/২০২৪ তারিখে মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা কর্তৃক অভিযোগপত্র গৃহীত হওয়ায় এবং একই তারিখে তাকে হাজতে প্রেরণ করায় সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ৩৯-এর উপধারা ২ অনুযায়ী উক্ত তারিখ হতে তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


  
২২/০৫/২০২৪  
(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৩.২৪-১৩০/১(৯)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১  
১২ মে ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপপরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সদর সাব-রেজিস্ট্রার, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জনাব অহিদুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (জেলা রেজিস্ট্রার), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৯. অফিস কপি/ গার্ড ফাইল।

  
২২/০৫/২০২৪  
(মুরাদ জাহান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৪১০৫২১৭২